



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



103634

নং-বামাশিবো/প্রশাসন/ ১৪৯/৩/চাঁদপুর-৬৮

তারিখ: ২৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন হর্ণি দুর্গাপুর ইসলামিয়া আলিম মাদ্রাসার (বরখাস্তকৃত) অধ্যক্ষ জনাব আ. খ. ম মানছুর আহম্মদকে স্বপদে বহাল প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো/সংস্থাপন/৪৩৮/৪; তারিখ: ০৬/১২/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলাধীন হর্ণি দুর্গাপুর ইসলামিয়া আলিম মাদ্রাসার (বরখাস্তকৃত) অধ্যক্ষ জনাব আ. খ. ম মানছুর আহম্মদকে চাকুরী থেকে অপসারণ বিষয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির গত ২৬/০২/২০১৮ খ্রি. তারিখের আলোচনা ও সিদ্ধান্তে বিদ্যমান বিধি অনুযায়ী অপসারণ প্রক্রিয়া সঠিক না হওয়ায় অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত স্মারকে মাদ্রাসা কর্তৃপক্ষের অপসারণ অনুমোদনের আবেদনটি খারিজ করা হয়।

বর্ণিত অবস্থায় বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক দাখিলকৃত ২৩/০৫/২০১৬ খ্রি. তারিখের আবেদনটি খারিজ করে দেওয়ায় বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব আ. খ. ম মানছুর আহম্মদের বিরুদ্ধে কার্যত কোন অভিযোগ নেই। বরখাস্ত বিষয়ে আইনগত কোন ভিত্তি না থাকায় পত্র প্রাপ্তির পর থেকে জনাব আ. খ. ম মানছুর আহম্মদ মাদ্রাসার অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ তার দায়িত্বকালীন সময়ের যাবতীয় কাগজপত্রাদি অধ্যক্ষ জনাব আ. খ. ম মানছুর আহম্মদকে বুঝিয়ে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

- সভাপতি,
হর্ণি দুর্গাপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, কালিরবাজার, ফরিদগঞ্জ, চাঁদপুর;
- জনাব আ. খ. ম মানছুর আহম্মদ, অধ্যক্ষ (বরখাস্তকৃত),
হর্ণি দুর্গাপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, কালিরবাজার, ফরিদগঞ্জ, চাঁদপুর;
- মো: রুহুল আমিন, ভারপ্রাপ্ত অধ্যক্ষ
হর্ণি দুর্গাপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, কালিরবাজার, ফরিদগঞ্জ, চাঁদপুর।

নং-বামাশিবো/প্রশাসন/ ১৪৯/৩/চাঁদপুর-৬৮

তারিখ: ২৬ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- জেলা প্রশাসক, চাঁদপুর;
- উপজেলা চেয়ারম্যান, কালিরবাজার, ফরিদগঞ্জ, চাঁদপুর;
- জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর;
- উপজেলা নির্বাহী অফিসার, ফরিদগঞ্জ, চাঁদপুর;
- পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd